

## ■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ৩. ৩. মথির ইঞ্জিলে বিয়োজনের বিকৃতি

আমরা ইতোপূর্বে দেখেছি যে যীশু তাঁর শিষ্যদেরকে বলেন যে, তাঁর প্রজন্মের মানুষদের মৃত্যুর হওয়ার আগেই কিয়ামত সংঘটিত হবে। মথির (২৪/৩৬) বর্ণনা অনুসারে তিনি শিষ্যদের জানান যে, কিয়ামত শীঘ্রই হবে, তবে তার নির্দিষ্ট সময় কেউ জানে না। এ প্রসঙ্গে তাঁর বক্তব্য কিং জেমস ভার্শনে নিম্নরূপ: "But of that day and hour knoweth no man, no, not the angels of heaven, but my Father only": "কিন্তু সেই দিনের ও সেই দন্ডের কথা কেউই জানে না, স্বর্গের দূতগণ/ বেহেশতের ফেরেশতারাও জানেন না, কেবল আমার পিতা জানেন।" (মথি ২৪/৩৬)

আধুনিক গবেষণা প্রমাণ করেছে যে, প্রাচীন পাণ্ডুলিপিতে এখানে তিনটা শব্দ ছিল: "neither the Son": "পুত্রও জানেন না"। রিভাইন্ড স্টান্ডার্ড ভার্শন (RSV)-এ শব্দগুলো সংযোজন করা হয়েছে। RSV অনুসারে শ্লোকটা নিম্নরূপ: "But of that day and hour no one knows, not even the angels of heaven, nor the Son, but the Father only.": কেরি: "কিন্তু সেই দিনের ও সেই দন্ডের কথা কেহই জানে না, এমনকি স্বর্গের দৃতগণও জানেন না, এবং পুত্রও জানেন না; কেবল পিতা জানেন।"

কি. মো.-২০১৩: "কিন্তু সেই দিনের ও সেই দন্ডের তত্ত্ব কেউই জানে না, বেহেশতের ফেরেশাতরাও জানেন না, পুত্রও জানেন না, কেবল পিতা জানেন।"

এ কথাসহ এ শ্লোকটা প্রমাণ করে যে, যীশু বা যীশুর মধ্যে বিদ্যমান 'পুত্র' সত্ত্বা ঈশ্বর ছিলেন না। এমনকি তিনি কখন পুনরায় দুনিয়াতে ফিরে আসবেন তাও তিনি জানতেন না। যীশুর ঈশ্বরত্বে বিশ্বাসীদের জন্য কথাটা মেনে নেওয়া অসম্ভব। এজন্য বাইবেল লিপিকাররা এ বাক্যাংশটুকু মুছে দিয়েছিলেন।

লক্ষণীয় যে, কিয়ামত বিষয়ক যীশুর এ উপদেশ মথি, মার্ক ও লূক তিনজনেই প্রায় হুবহু উল্লেখ করেছেন। মথি ও মার্কের বর্ণনায় যীশু সাথে সাথে বলে দেন যে, কিয়ামতের নির্ধারিত সময় আল্লাহ ছাড়া কেউ জানেন না। কিন্তু এ বক্তব্যটা লূক থেকে পুরোপুরি বাদ দেওয়া হয়েছে। বাহ্যত 'পুত্রও জানেন না' কথাটা বাদ দেওয়ার পরিবর্তে পূরো বাক্যটাই লূক থেকে বাদ দেওয়া হয়েছে। তবে মার্কের বর্ণনায় 'পুত্রও নয়' কথাটা বিদ্যমান রয়েছে। (মার্ক ১৩/৩২) মথি ২৪/৩৪-৩৬, মার্ক ১৩/৩০-৩২ শ্লোকগুলোর সাথে লূক ২১/৩২-৩৪ মিলিয়ে পড়লে পাঠক বিষয়টা জানতে পারবেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14231

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন